

জয়পুরহাটের পাঁচবিবিতে মওলানা ভাসানীর উদ্যোগে প্রতিষ্ঠিত মহীপুর হাজী মহসীন সরকারি কলেজের দীর্ঘ কয়েক বছর ধরে শিক্ষক সংকটে টিলেঢালাভাবেই চলেছে পাঠদান কার্যক্রম। কলেজের এইচএসসি, স্নাতকসহ ৭টি অনার্স বিভাগের সাড়ে চার হাজার শিক্ষার্থীকে ১৮ জন শিক্ষক কোনো রকমে পাঠদান করে আসছেন। প্রতিষ্ঠানের মোট শিক্ষক পদ ৫২টি। দীর্ঘদিন ধরে অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ ৩৪টি পদ শূন্য রয়েছে। শিক্ষক সংকটের কারণে সব ক্লাস হয় না।

advertisement 3

কলেজ সূত্র জানায়, প্রতিষ্ঠানটিতে প্রাণিবিদ্যা, অর্থনীতি, আইসিটি, গ্রন্থাগারিক ও ক্রীড়া বিভাগে কোনো শিক্ষকই নেই। এ ছাড়া রসায়ন, পদার্থবিজ্ঞান, ইংরেজি, হিসাববিজ্ঞান, গণিত, কৃষিবিজ্ঞান, ব্যবস্থাপনা ও উদ্ভিদবিদ্যা বিভাগে ১ জন করে শিক্ষক রয়েছে।

advertisement 4

কলেজের এইচএসসি প্রথম বর্ষের শিক্ষার্থী আল্পনা খাতুন বলেন, রুটিন অনুযায়ী প্রতিদিন ক্লাস হয় না আমাদের। ভর্তির পর থেকেই শিক্ষক সংকটের কারণে এ অবস্থা চলে আসছে। এভাবে চলতে থাকায় আমাদের পড়ালেখার অনেক ক্ষতি হচ্ছে।

অনার্স ইসলামের ইতিহাসের ছাত্র তানভীর ইসলাম শান্ত বলেন, এইচএসসি থেকে অনার্স পর্যন্ত পড়ালেখা করছি। প্রথম থেকেই ক্লাস ঠিকমত করতে পারলাম না।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ শুভাশীষ কুমার ম-ল বলেন, অল্প শিক্ষক দিয়ে এতগুলো শিক্ষার্থীর পাঠদানে আমাদের অনেক কষ্ট করতে হচ্ছে। তবে বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।

উল্লেখ্য, মহীপুর হাজী মহসীন সরকারি কলেজটি জয়পুরহাট জেলার একটি অন্যতম প্রধান বিদ্যাপীঠ। মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানী পাঁচবিবির সুবিধাবঞ্চিত অসহায়, দরিদ্র, জনগোষ্ঠী ও আদিবাসীদের দোরগোড়ায় শিক্ষার আলো পৌঁছানোর আশায় ১৯৬৯ সালে এ কলেজটি প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে ১৯৮২ সালে কলেজটি জাতীয়করণ করা হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে এ অঞ্চলের শিক্ষাবিস্তারে প্রতিষ্ঠানটি অগ্রণী ভূমিকা পালন করে আসছে।